বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH

স্মারক নং	-	২৩/২০২০/৪২/১৮৪২
তারিখ	-	সেপ্টেম্বর ৩০, ২০২০
প্রতি	-	সকল সদস্য, বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট।
বিষয়	-	**বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট-এর ২৪তম নির্বাহী পরিষদ এবং ১০ম চট্টগ্রাম শাখা কমিটি-এর নির্বাচনের তফসিল।**

সম্মানিত সদস্য,

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউটের ২৪তম নির্বাহী পরিষদ এবং ১০তম চট্টগ্রাম শাখা কমিটি গঠনের জন্য, আগামী ৪ ডিসেম্বর, ২০২০ শুক্রবার আহুত বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট-এর দ্বি-বার্ষিক সাধারণ সভা এবং চট্টগ্রাম শাখার দ্বি-বার্ষিক সাধারণ সভার সর্বশেষ বিবেচ্য বিষয় হিসাবে গোপন ব্যালটে অনলাইন ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউটের নির্বাহী পরিষদ এর নিম্নবর্ণিত পদসমূহের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	ক্রমিক নং	পদের নাম	সংখ্যা
১	সভাপতি	১ জন	৭	সম্পাদক (শিক্ষা)	১ জন
২	সহ-সভাপতি (জাতীয় বিষয়াদি)	১ জন	৮	সম্পাদক (পেশা)	১ জন
৩	সহ-সভাপতি (আন্তর্জাতিক সম্পর্ক)	১ জন	৯	সম্পাদক (সদস্যপদ)	১ জন
৪	সাধারণ সম্পাদক	১ জন	১০	সম্পাদক (প্রকাশনা ও প্রচার)	১ জন
৫	সহ-সাধারণ সম্পাদক	১ জন	১১	সম্পাদক (সেমিনার ও সম্মেলন)	১ জন
৬	কোষাধ্যক্ষ	১ জন	১২	সম্পাদক (ঐতিহ্য ও সংস্কৃতি)	১ জন
			১৩	সম্পাদক (পরিবেশ ও নগরায়ন)	১ জন

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউটের চট্টগ্রাম শাখা কমিটি এর নিম্নবর্ণিত পদসমূহের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	ক্রমিক নং	পদের নাম	সংখ্যা
১	চেয়ারম্যান	১ জন	৫	সদস্য (পেশা)	১ জন
২	ডেপুটি চেয়ারম্যান	১ জন	৬	সদস্য (সদস্যপদ)	১ জন
৩	সম্পাদক	১ জন	৭	সদস্য (সেমিনার ও শিক্ষা)	১ জন
৪	কোষাধ্যক্ষ	১ জন	৮	সদস্য (ঐতিহ্য ও সংস্কৃতি)	১ জন
			৯	সদস্য (প্রকাশনা)	১ জন

১. বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউটের গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

২. ২০২০ সাল পর্যন্ত চাঁদা পরিশোধকারী নিয়মিত ফেলো ও সদস্যগণ ভোটার হিসাবে যোগ্য বিবেচিত হবেন।

৩. ৩.১ নির্বাহী পরিষদ নির্বাচনে নিয়মিত ফেলো ও সদস্যগণ অনলাইনে তাঁদের নির্ধারিত ভোট প্রদান করবেন।

৩.২ শাখা কমিটি নির্বাচনে নিয়মিত ফেলো ও সদস্যগণ অনলাইনে তাঁদের ভোট প্রদান করবেন।

৩.৩ অনলাইন ভোট প্রদানের নিমিত্তে সকল নিয়মিত ফেলো ও সদস্যগণকে নভেম্বর ৩, ২০২০ তারিখের মধ্যে বর্তমানে ব্যবহৃত ব্যক্তিগত একটি মোবাইল নাম্বার ও একটি ই-মেইল আবশ্যিকভাবে বাস্থই কার্য্যালয়ে আপডেট করতে হবে যার মাধ্যমে তিনি ভোট প্রদান সম্পন্ন করবেন।

৪. ৪.১ নির্বাহী পরিষদের প্রার্থীর যোগ্যতাঃ

ক) কোন নিয়মিত ফেলো অথবা ন্যূনতম দুই বৎসর-এর অভিজ্ঞতা সম্পন্ন সদস্য বাস্থই-এর সভাপতি ও সাধারণ সম্পাদকের পদ ব্যতীত অন্য সব পদে নির্বাহী পরিষদের নির্বাচনে প্রার্থী হতে পারবেন।

খ) পরিষদ সদস্য ও শাখা কমিটির সদস্য হিসাবে ন্যূনতম একটি পূর্ণ মেয়াদের অভিজ্ঞতা সম্পন্ন কোন নিয়মিত ফেলো ও সদস্যই নির্বাহী পরিষদের সভাপতি বা সাধারণ সম্পাদকের পদে প্রার্থী হতে পারবেন।

৪.২ শাখা কমিটির যোগ্যতাঃ

কোন নিয়মিত ফেলো ও সদস্য শাখা কমিটির নির্বাচনে যে কোন পদে প্রার্থী হতে পারবেন।

MAILING ADDRESS
Plot-11, Block-E, Sthapattya Acharja Muzharul Islam Sarani (Old Road No. 7), Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka 1207, Bagladesh
Tel: +880 2 55007195-96
Email: mail@iab.com.bd
Web: www.iab.com.bd
facebook.com/IArchBD

MEMBER INSTITUTE
SAARCH SAARC Association of Architects
ARCASIA Architects Regional Council Asia
CAA Commonwealth Association of Architects
NATIONAL SECTION
UIA Union International Des Architects

৪.৩ কোন নিয়মিত ফেলো বা সদস্য একই পদে পরপর দুই মেয়াদের বেশী পরিষদ সদস্য বা শাখা কমিটি সদস্য হতে পারবেন না।

৫. কোন নিয়মিত ফেলো বা সদস্য নির্বাহী পরিষদ বা শাখা কমিটি সমূহের নির্বাচনে একটি মাত্র পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

৬. যে কোন নিয়মিত ফেলো/ সদস্য নির্বাহী পরিষদ ও শাখা কমিটির নির্বাচনে প্রতিটি পদের জন্য কেবল মাত্র একজন প্রার্থীর নাম প্রস্তাব করতে পারবেন এবং অন্য আর একজন নিয়মিত ফেলো/ সদস্য প্রস্তাবটি সমর্থন করবেন। নির্বাহী পরিষদ ও শাখা কমিটির নির্বাচনে প্রার্থীতার জন্য IAB website (http://www.iab.com.bd/) দেওয়া লিংকের মাধ্যমে জমা দিতে হবে।

৭. নির্বাচনে সহযোগী সদস্য (Associate Member) দের ভোটাধিকার থাকবে না।

৮. নির্বাচন আচরন বিধি (Election Code of Conduct)

- Candidates shall not participate in the election as any panel, group or under the banner of any political party.
- Candidate or IAB members shall refrain from making political statement of any kind in their election campaign;
- Candidates or IAB members shall not prepare or distribute printed/hard copies of written/leaflets, posters, cards, symbols, banners, buntings, posters or festoons etc. in support of or in opposition to any candidate other than the ones displayed by the Election Commission at the election venue on the day of the election;
- Candidates or IAB members shall not organize or hold any meeting, party or gathering to seek vote or canvass for any candidate other than the projection meeting that the Election Commission arranges;In case of online election process, the Election Commission shall arrange an online projection meeting for introducing the Candidates among the Members.
- Candidates or IAB members shall not entice voters through promise of financial gains or otherwise to vote in favour of any candidate;
- Candidates or IAB members may solicit votes through cell phones/telephones, emails, SMS or posting in any social media, but shall not make any comparative reference implied or otherwise to other candidates, their programs or activities;
- No candidate or IAB member shall make any false or controversial statement or adverse comment on the character or integrity of any other candidate in soliciting votes;
- Candidates shall send to Election Commission a soft copy of his/her Manifesto in format that the Election Commission prescribes for distribution through electronic media;
- A candidate who is an incumbent Member of the Executive Council or Chapter Committee shall not organize any IAB event or function either as an anchor, speaker/presenter or otherwise after submitting the nomination.
- In case of any complaint or on its own, subject to investigation and verification, the Election Commission shall have the power to summarily impose any of the following disciplinary action on the candidate or the IAB member based on graveness of the violation of the Election Code of Conduct:
  1. Reprimand;
  2. Revoking the voting right in the election;
  3. Cancellation of candidature in the election.
- In case of any confusion or conflict in interpretation of these Codes of Conduct the decision of the Election Commission shall be final and binding on all IAB members.

MAILING ADDRESS
Plot-11, Block-E, Sthapattya Acharja Muzharul Islam Sarani (Old Road No. 7), Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka 1207, Bagladesh
Tel: +880 2 55007195-96
Email: mail@iab.com.bd
Web: www.iab.com.bd
facebook.com/IArchBD

MEMBER INSTITUTE
SAARCH SAARC Association of Architects
ARCASIA Architects Regional Council Asia
CAA Commonwealth Association of Architects
NATIONAL SECTION
UIA Union International Des Architects

বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউট
INSTITUTE OF ARCHITECTS BANGLADESH

নির্বাচনের তফসিল ঃ

বিষয়	তারিখ/ সময়	স্থান/Link
নির্বাচনের তারিখ, সময় ও স্থান	ডিসেম্বর ৪, ২০২০ শুক্রবার, দ্বি-বার্ষিক সাধারন সভা, সকাল ১০-৩০ ঘটিকায়	অন-লাইন (Online Voting procedure will be published on IAB website within November 19, 2020)
প্রার্থী পরিচিতি সভা- ঢাকা	নভেম্বর ২৮, ২০২০ শনিবার, দুপুর ৩-০০ মিনিট	অন-লাইন (Online Link of projection meeting will be published on IAB website on November 27, 2020) Afterwards it will be available on official FaceBook page of IAB
প্রার্থী পরিচিতি সভা- চট্টগ্রাম	নভেম্বর ২৮,২০২০ শনিবার, সন্ধ্যা ৭-০০ মিনিট	অন-লাইন (Online link of projection meeting will be published on IAB website on November 27, 2020) Afterwards it will be available on official FaceBook page of IAB
চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	নভেম্বর ২৬, ২০২০ বৃহস্পতিবার, বিকেল ৫-৩০ মিনিট	Will be available online on IAB website on November 26, 2020
চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	নভেম্বর ২৬, ২০২০ বৃহস্পতিবার, বিকেল ৫-৩০ মিনিট	Will be availableonline on IAB website November 26, 2020
প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ	নভেম্বর ১৯, ২০২০ বৃহস্পতিবার, বিকেল ৫-৩০ মিনিট	Will be available online on IAB website November 19, 2020
প্রার্থীতা প্রত্যাহার	নভেম্বর ১৯, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট পর্যন্ত	Please visit IAB website (http://www.iab.com.bd/) for necessary further link
মনোনয়ন দাখিল	নভেম্বর ১২, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট পর্যন্ত	Please visit IAB website (http://www.iab.com.bd/) for necessary further link
২০২০ সাল পর্যন্ত বকেয়া চাঁদা পরিশোধের সর্বশেষ তারিখ	নভেম্বর ০৩, ২০২০ মঙ্গলবার, রাত ৮-৩০ মিনিট পর্যন্ত	Please contact IAB Centre at Agargaon

বর্তমান মহামারী পরিস্থিতিতে বাস্থই নির্বাচনে প্রথম বারের মত অনুষ্ঠিত হতে যাওয়া এই অনলাইন নির্বাচনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগীতা কামনা করি।

Rescheduled
Please see revised schedule on following page

স্থপতি মুস্তাফা আমীন
প্রধান নির্বাচন কমিশনার
বা. স্থ. ই. নির্বাচন- ২০২০

MAILING ADDRESS
Plot-11, Block-E, Sthapattya
Acharja Muzharul Islam Sarani
(Old Road No. 7), Agargaon,
Sher-e-Bangla Nagar, Dhaka
1207, Bagladesh
Tel: +880 2 55007195-96
Email: mail@iab.com.bd
Web: www.iab.com.bd
facebook.com/IArchBD

MEMBER INSTITUTE
SAARCH
SAARC
Association of Architects
ARCASIA
Architects
Regional Council Asia
CAA
Commonwealth
Association of Architects

NATIONAL SECTION
UIA
Union International
Des Architects

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট

INSTITUTE OF ARCHITECTS BANGLADESH

তারিখ ঃ নভেম্বর ০৬, ২০২০ ইং
স্মারক নং ঃ ২৩/২০২০/২১/১৮৮৮

সকল সদস্য
বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই)
স্থাপত্যাচার্য মাজহারুল ইসলাম সরণী, আগারগাঁও, ঢাকা।

বিষয় : **কোভিড ১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির দ্বি-বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আয়োজিত বিশেষ সাধারণ সভা ও পরবর্তীতে মূলতবীকৃত বিশেষ সাধারণ সভার (অনলাইন) কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় সদস্য,

বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই) এর পক্ষ হতে শুভেচ্ছা!

কোভিড ১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির দ্বি-বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ১ নভেম্বর ২০২০ তারিখ (রবিবার) সন্ধ্যা ৬:০০ ঘটিকায় একটি বিশেষ সাধারণ সভা আহ্বান করা হয়েছিল। কোরাম গঠিত না হওয়ায় বাস্থই গঠনতন্ত্র অনুযায়ী উক্ত সভা মূলতবী বলে গণ্য হয়। গঠনতন্ত্র অনুযায়ী উক্ত সভার তারিখ থেকে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে মূলতবী সভার জন্য বিজ্ঞপ্তি প্রকাশের বাধ্যবাধকতা আছে এবং মূলতবী সভার জন্য কোন কোরামের প্রয়োজন হয় না। সেই অনুযায়ী গত ৪ নভেম্বর ২০২০ তারিখ, বুধবার, সন্ধ্যা ৬:৩০ মিনিটে মূলতবী বিশেষ সাধারণ সভা আহ্বান করা হয়। বর্তমান কোভিড ১৯ কালীন পরিস্থিতি বিবেচনা করে উপরোক্ত মূলতবী বিশেষ সাধারণ সভাটিও অনলাইনে জুম এর মাধ্যমে আয়োজন করা হয়।

উক্ত মূলতবী বিশেষ সাধারণ সভার আলোচ্যসূচী ছিল নিম্নরূপ:
০১. কোভিড-১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির দ্বি-বার্ষিক সাধারণ সভা অনলাইনে আয়োজন;
০২. কোভিড-১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির নির্বাচন অনলাইনে আয়োজন;
০৩. মনোনয়ন দাখিলের সময়সীমা নভেম্বর ১২, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট এর পরিবর্তে একই দিনে, সকাল ৮:০০ মিনিট থেকে রাত ৮:০০ মিনিট পর্যন্ত বর্ধিতকরণ;
০৪. মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা নভেম্বর ১৯, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট এর পরিবর্তে একই দিনে, সকাল ৮:০০ মিনিট থেকে রাত ৮:০০ মিনিট পর্যন্ত বর্ধিতকরণ।

উক্ত মূলতবী বিশেষ সাধারণ সভায় উপরোক্ত আলোচ্যসূচী নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অনলাইন পোল এর মাধ্যমে সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

০১. কোভিড-১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির দ্বি-বার্ষিক সাধারণ সভা অনলাইনে আয়োজন করা হবে;

০২. কোভিড-১৯ কালীন পরিস্থিতিতে বাস্থই ও শাখা কমিটির নির্বাচন অনলাইনে ই-ভোটিং এর মাধ্যমে সম্পন্ন হবে;

০৩. মনোনয়ন দাখিলের সময়সীমা নভেম্বর ১২, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট এর পরিবর্তে একই দিনে, সকাল ৮:০০ মিনিট থেকে রাত ৮:০০ মিনিট পর্যন্ত বর্ধিত করা হলো;

০৪. মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা নভেম্বর ১৯, ২০২০ বৃহস্পতিবার, দুপুর ১-৩০ মিনিট থেকে বিকেল ৪-৩০ মিনিট এর পরিবর্তে একই দিনে, সকাল ৮:০০ মিনিট থেকে রাত ৮:০০ মিনিট পর্যন্ত বর্ধিত করা হলো।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্থই-এর বৃহত্তর স্বার্থে আপনার অবগতির জন্য প্রেরণ করা হলো।

বাস্থই'র সাংগঠনিক, দাপ্তরিকসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইতোপূর্বেও আপনাদের আন্তরিক সহযোগিতা ছিল এবং আগামী বাস্থই ও শাখা কমিটির নির্বাচন অনলাইনে সম্পন্ন করার ক্ষেত্রেও আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

স্থপতি নওয়াজীশ মাহবুব
সাধারণ সম্পাদক
বাংলাদেশ স্থপতি ইন্‌স্টিটিউট (বাস্থই)

MAILING ADDRESS
Plot-11, Block-E, Sthapattya Acharja Muzharul Islam Sarani (Old Road No. 7), Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka 1207, Bagladesh
Tel: +880 2 55007195-96
Email: mail@iab.com.bd
Web: www.iab.com.bd
facebook.com/IArchBD

MEMBER INSTITUTE
SAARCH SAARC Association of Architects
ARCASIA Architects Regional Council Asia
CAA Commonwealth Association of Architects
NATIONAL SECTION
UIA Union International Des Architects